

১২. (স্বাক্ষরিত)  
০৯.০৯.১৩



# জীবন বীমা কর্পোরেশন

প্রধান কার্যালয়, ঢাকা।

স্মারক নং-৫৩.১৯.৯০০১.০০২.২৭.০০০.১৯.২০২৮

তারিখ : ০৮/০৯/২০১৯

## অফিস আদেশ

যেহেতু, জনাব দুলাল চন্দ্র নন্দী, সহকারী জেনারেল ম্যানেজার (সাময়িক বরখাস্তকৃত), চট্টগ্রাম রিজিওনাল অফিস, চট্টগ্রাম-কে অর্থ আত্মসাৎ জনিত মামলা নং সিআর-৮২/১৭ (সেশন মামলা নং ০৪/২০১৮)-এর পরিপ্রেক্ষিতে গত ১৮/০৭/১৯ তারিখে গ্রেফতার করে জেল হাজতে প্রেরণ করা হয় ;

যেহেতু, জীবন বীমা কর্পোরেশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ১৯৯২-এর ৪৩(৫) প্রবিধান অনুযায়ী জনাব দুলাল চন্দ্র নন্দী, সহকারী জেনারেল ম্যানেজার (সাময়িক বরখাস্তকৃত), চট্টগ্রাম রিজিওনাল অফিস, চট্টগ্রাম (এজিএম-৯২)-কে ২১/০৭/২০১৯ তারিখের ৫৩.১৯.৯০০১.০০২.২৭.০০০.১৯.১৫০৭ সংখ্যক স্মারকপত্রে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হয় ;

যেহেতু, তাঁর বিরুদ্ধে দায়েরকৃত মামলা নং সিআর-৮২/১৭ (সেশন মামলা নং ০৪/২০১৮)-এর রায় অনুযায়ী জনাব দুলাল চন্দ্র নন্দী, সহকারী জেনারেল ম্যানেজার (সাময়িক বরখাস্তকৃত), চট্টগ্রাম রিজিওনাল অফিস, চট্টগ্রাম (এজিএম-৯২)-কে ০৪(চার) মাসের সশ্রম কারাদণ্ড এবং ১,১৭,০০০/- টাকার অর্থ দণ্ডে দণ্ডিত করা হয় ;


যেহেতু, গণ কর্মচারী (সাজা প্রাপ্তিতে বরখাস্ত) অধ্যাদেশ, ১৯৮৫ এর ধারা ৩(১) প্রযোজ্য মর্মে প্রতীয়মান হওয়ায় বিষয়টি ০২/০৯/২০১৯ তারিখে অনুষ্ঠিত কর্পোরেশনের পরিচালনা বোর্ডের ৫৯৭তম সভায় উপস্থাপন করা হয় এবং পরিচালনা বোর্ড নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করে:

“গণ কর্মচারী (সাজা প্রাপ্তিতে বরখাস্ত) অধ্যাদেশ, ১৯৮৫ এর ধারা ৩(১) মোতাবেক জনাব দুলাল চন্দ্র নন্দী, সহকারী জেনারেল ম্যানেজার (সাময়িক বরখাস্তকৃত)-কে মামলা নং সিআর ৮২/১৭ (সেশন মামলা নং ০৪/২০১৮)-এর রায়ের তারিখ ২৮/০২/২০১৯ থেকে জীবন বীমা কর্পোরেশনের চাকরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত প্রদান করে।” ;

সেহেতু, এক্ষণে কর্পোরেশনের পরিচালনা বোর্ডের উপর্যুক্ত সিদ্ধান্ত মোতাবেক জনাব দুলাল চন্দ্র নন্দী, সহকারী জেনারেল ম্যানেজার (সাময়িক বরখাস্তকৃত, এজিএম-৯২, ৪০০৪৩৯৬-০), চট্টগ্রাম রিজিওনাল অফিস, চট্টগ্রাম-কে মামলা নং সিআর ৮২/১৭ (সেশন মামলা নং ০৪/২০১৮)-এর রায়ের তারিখ ২৮/০২/২০১৯ থেকে জীবন বীমা কর্পোরেশনের চাকরি হতে বরখাস্ত করা হলো।

জনাব দুলাল চন্দ্র নন্দী  
সহকারী জেনারেল ম্যানেজার (সাময়িক বরখাস্তকৃত,  
এজিএম-৯২, ৪০০৪৩৯৬-০)  
জীবন বীমা কর্পোরেশন  
চট্টগ্রাম রিজিওনাল অফিস  
চট্টগ্রাম।

স্থায়ী ঠিকানাঃ  
জনাব দুলাল চন্দ্র নন্দী  
গ্রামঃ মধ্যম বসুড়া, পোঃ ফুলগাজী  
থানাঃ পরশুরাম  
জেলাঃ ফেনী।

  
(ডাঃ মোঃ আমিনুল ইসলাম)  
ম্যানেজিং ডাইরেক্টর (চলতি দায়িত্ব)।

## অনুলিপিঃ

- ১। জেনারেল ম্যানেজার-প্রশাসন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। জেনারেল ম্যানেজার, চট্টগ্রাম রিজিওনাল অফিস, চট্টগ্রাম
- ৩। জেনারেল ম্যানেজার-গ্রুপ ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। ডেপুটি জেনারেল ম্যানেজার-অর্থ ও হিসাব, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। ডেপুটি জেনারেল ম্যানেজার-অডিট, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। সহকারী সিস্টেম এনালিস্ট, আইসিটিডি (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। ম্যানেজার-পিএফ ও পেনশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৮। জনাব মোঃ আবু বকর ছিদ্দিক, উচ্চমান সহকারী-প্রশাসন, প্রধান কার্যালয়, ঢাকা (জনাব দুলাল চন্দ্র নন্দী, সহকারী জেনারেল ম্যানেজার (সাময়িক বরখাস্তকৃত, এজিএম-৯২, ৪০০৪৩৯৬-০)-এর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য)।